# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪১০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬) জামাআতে নামায আদায় করার প্রতি উদ্বুদ্ধ করন এবং ঐ ব্যক্তির বর্ণনা যে জামাআতে নামায পড়ার উদ্দেশ্যে বের হয়েছে কিন্তু গিয়ে দেখলো, লোকেরা নামায পড়ে ফেলেছে

## الترغيب في صلاة الجماعة وما جاء فيمن خرج يريد الجماعة فوجد الناس قد صلوا

আরবী

(حسن لغيره) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ ، قَالَ : قَالَ رَسُولُ اللهِ ( : مَنْ تَوَضَّأَ فَأَحْسِنَ وُضُوءَهُ ، ثُمَّ رَاحَ ، فَوَجَدَ النَّاسَ قَدْ صَلَّوْا ، أَعْطَاهُ الله مثل أَجْرَ مَنْ صَلاهَا وَحَضَرَهَا ، لا يَنْقُصُ ذَلِكَ مِنْ أَجْرِهُمْ شَيْئًا. . (رواه أبو داود والنسائي والحاكم وقال صحيح على شرط مسلم)

বাংলা

৪১০. (হাসান লিগাইরিহী) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ’’যে ব্যক্তি ওযু করবে এবং তার ওযুকে উত্তমরূপে সম্পাদন করবে। অতঃপর নামাযের জন্য মসজিদে যাবে কিন্তু গিয়ে দেখবে যে লোকেরা নামায পড়ে নিয়েছে, তাহলে আল্লাহ্ তা’আলা তাকে সেই সমস্ত লোকের সমান প্রতিদান দান করবেন যারা ঐ নামায পড়েছে এবং তাতে উপস্থিত হয়েছে। এতে ঐ লোকদের ছোয়াবে কোন কমতি করা হবে না।

(আবু দাউদ ৫৬৪, নাসাঈ ২/১১১, হাকেম ১/২০৮। হাকেম বলেন, হাদীছটি মুসলিমের শর্তানুযায়ী ছহীহ্)

ইতোপূর্বে সাঈদ বিন মুসায়্যেব কর্তৃক জনৈক আনসার সাহাবী থেকে বর্ণিত হয়েছেঃ তিনি বলেন, আমি শুনেছি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একথা বলেছেনঃ

فَإِنْ أَتَى الْمَسْجِدَ فَصَلَّى فِي جَمَاعَةٍ غُفِرَ لَهُ فَإِنْ أَتَى الْمَسْجِدَ وَقَدْ صَلَّوْا بَعْضًا وَبَقِيَ بَعْضٌ صَلَّى مَا أَدْرَكَ وَأَتَمَّ مَا بَقِيَ كَانَ كَذَلِكَ فَإِنْ أَتَى الْمَسْجِدَ وَقَدْ صَلَّوْا فَأَتَمَّ الصَّلَاةَ كَانَ كَذَلِكَ

’’যদি কেউ মসজিদে আসে অতঃপর জামাআতে নামায আদায় করে, তাহলে তাকে ক্ষমা করে দেওয়া হবে। আর মসজিদে এসে যদি দেখে যে লোকেরা কিছু নামায পড়ে নিয়েছে এবং কিছু নামায বাকী রয়েছে। তবে যা পাবে তা তাদের সাথে আদায় করবে এবং যা ছুটে গেছে তা পুরা করবে, তবে সে অনুরূপই ছোয়াব পাবে। আর যদি

মসজিদে এসে পায় যে লোকেরা নামায পড়ে নিয়েছে, তাহলে সে নামাযকে পূর্ণ করবে তবে সে অনুরূপই (জামাতের সাথে নামায পড়ার) ছোয়াব পাবে।’’

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন